# যানবাহন ঋণ/মোটর সাইকেল ঋণ ব্যবস্থাপনা নীতিমালা

## Vehicle Loan/Motor Cycle Loan Management Policy

২য় সংস্করণ

ডিসেম্বর ২০১৮ থেকে কার্যকরী

(প্রথম প্রকাশকাল এপ্রিল ২০০৫)

NDP


ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি

এনডিপি ভবন, বাগবাড়ী, শহীদনগর, কামারখন্দ, সিরাজগঞ্জ।

ফোনঃ ০৭৫১-৬৩৮৭০-৭১; ফ্যাক্সঃ ০৭৫১-৩৮৭৭

ই-মেইলঃ akhan_ndp@yahoo.com

ওয়েবঃ www.ndpbd.org

# ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম

এনডিপি ভবন, বাগবাড়ী, শহীদনগর, কামারখন্দ, সিরাজগঞ্জ

## যানবাহন ঋণ/মোটর সাইকেল ঋণ ব্যবস্থাপনা বিধিমালা

**ভুমিকা:** ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি পরিচালিত ক্ষুদ্রঋণ কার্যক্রম ও ক্ষুদ্রঋণের আওতাধীন বিভিন্ন কর্মসূচী/প্রকল্পের কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়নের নিমিত্তে সংস্থা কর্তৃক বিভিন্ন কর্মসূচী/প্রকল্পে নিয়োজিত কর্মকর্তাদের মোটর সাইকেল সরবরাহ করা হয়ে থাকে। এ ক্ষেত্রে মূলত: কর্মসূচি/প্রকল্পের কাজের ধরণ, গুরুত্ব এবং কর্মকর্তার পদ পর্যাদা বিবেচনা করে তাকে এ সুযোগ প্রদান করা হয়। কর্তৃপক্ষ সংস্থার সামর্থ্য অনুযায়ী কাজের গুরুত্ব বিবেচনা করে এরূপ ব্যবস্থা গ্রহণ করে থাকেন।

**মোটর সাইকেল গ্রাহকের যোগ্যতা:** কর্তৃপক্ষ সাধারনত: সংস্থার কর্মকর্তা যিনি চাকুরীতে স্থায়ী হয়েছেন অথবা প্রকল্পের বিধি মোতাবেক (দাতা সংস্থা কর্তৃক নির্দেশিত) যার জন্য এরূপ বরাদ্দ পাওয়া গেছে শুধু মাত্র সেই কর্মকর্তাকে মোটর সাইকেল সরবরাহ করে থাকেন। মোটর সাইকেল গ্রাহককে অবশ্যই মোটর সাইকেল চালনার যথাযথ ও হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। কোন দাতা সংস্থা তার দাপ্তরিক কাজের গুরুত্বের কথা জানিয়ে কর্তৃপক্ষের নিকট মোটর সাইকেলের আবেদন করতে পারেন। এ ক্ষেত্রে সংস্থার ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে। কর্তৃপক্ষের যথাযথ অনুমোদন লাভের পর ৩০০.০০ ( তিন শত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদিত হবার পর কর্তৃপক্ষ তাকে এটি সরবরাহ করবেন। মোটর সাইকেল ঋণের চুক্তিপত্র সংযুক্ত ***(সংযুক্ত নং-গ)*** । সাধারনত: ১০ম গ্রেডের (শাখা ব্যবস্থাপক পদ) নীচের কোন কর্মকর্তাকে মোটর সাইকেল সাইকেল প্রদান করা হয় না। তবে বিশেষ ক্ষেত্রে শাখার /কর্মসূচি/প্রকল্পের গুরুত্ব বিবেচনা করে ১১তম গ্রেডের কর্মকর্তাকেও মোটর সাইকেল প্রদান করা যেতে পারে।

**মোটরসাইকেলের ধরণ:** সংস্থার সামর্থ্য অনুযায়ী কর্তৃপক্ষ যে কোন মূল্যের/ব্রান্ডের/ধরনের/আকৃতির অথবা নতুন/পুরাতন মোটর সাইকেল সরবরাহ করে থাকেন। মোটর সাইকেল গ্রহিতা কর্তৃপক্ষের সাথে আলোচনা সাপেক্ষে তার পছন্দমত মোটর সাইকেল গ্রহণ করতে পারবেন। অবশ্য প্রকল্পের ক্ষেত্রে প্রকল্প নির্ধারিত নীতিমালা/নির্দেশনা অনুযায়ী হবে।

**মোটর সাইকেলের ঋণের পরিমাণ:** যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনকারী মোটর সাইকেল ঋনের জন্য আবেদন করবেন। আবেদনটি অনুমোদিত হবার পর আবেদনকারীর নামে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে মোটর সাইকেল ঋণের জন্য সর্বোচ্চ ১,৫০,০০০/= (এক লক্ষ পঞ্চাশ হাজার টাকা) মাত্র ঋণ হিসাবে প্রদান করা হবে । কোন অবস্থাতেই ঋণের অর্থ নগদ প্রদান করা হবে না। যেহেতু ঋণটি নিয়ে মোটর সাইকেল ক্রয়ের পর উক্ত মোটর সাইকেলটি শাখার পরিদর্শন কার্যক্রমে ব্যব্হৃত হবে সেজন্য প্রদত্ত ঋণটি হবে সম্পূর্ণ সুদমুক্ত। ঋণের সমুদয় অর্থ ৩০০ টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তি হবার পরবর্তীতে প্রতিমাসের বেতন হতে কিস্তিভিত্তিতে ৭বছরে (৭ বছর *১২ মাস)=৮৪টি কিস্তিতে গ্রহণকৃত ঋণের অর্থ পরিশোধ করতে ঋণগ্রহীত বাধ্য থাকবে।ঋণের কিস্তির পরিমাণ ও সময় কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক কম/বেশী করা যেতে পারে। মোটর সাইকেল ঋণের আবেদন ফরম সংযুক্ত। ***(সংযুক্তি নং-ক)।***

**মোটর সাইকেলের মালিকানা স্বত্ত্ব:** সংস্থার অর্থয়ানে ক্রয়কৃত কিংবা প্রকল্পলব্ধ মোটর সাইকেল সংস্থার নিজস্ব সম্পদ। সংস্থা কর্তৃপক্ষ কোন কর্মকর্তাকে মোটর সাইকেল সরবরাহ করলে সে ক্ষেত্রে উক্ত কর্মকর্তা সংস্থার সাথে চুক্তি সম্পাদন পূর্বক মোটর সাইকেলটির মূল্য বাবদ ঋণ গ্রহণ করে চুক্তি মোতাবেক কিস্তি পরিশোধ সাপেক্ষে এটি কিনে নিতে পারবেন। তবে এ ক্ষেত্রে মোটর সাইকেলটির মালিকানা সংস্থার নামে নিবন্ধনকৃত থাকবে। কেবল মাত্র মোটর

সাইকেল গ্রহিতা কর্তৃক মোটর সাইকেলের মূল্য বাবদ সমূদয় কিস্তির অর্থ প্রদান সাপেক্ষে সংস্থা তার নিকট মোটর সাইকেলটি হস্তান্তর করবেন। মোটর সাইকেল গ্রহিতা কোন কারনে মোটর সাইকেলটির সমূদয় মূল্য পরিশোধের পূর্বে সংস্থা ত্যাগ করতে চাইলে অথবা ত্যাগ করতে বাধ্য হলে সে ক্ষেত্রে তাকে মোটর সাইকেলটি সম্পূর্ণ চালু অবস্থায় সংস্থা কর্তৃপক্ষের নিকট বুঝে দিতে হবে। এক্ষেত্রে মোটর সাইকেল গ্রহিতা অবশিষ্ট কিস্তির টাকা প্রদান থেকে অব্যাহতি পাবেন এবং মোটর সাইকেলের কিস্তি বাবদ পরিশোধিত অর্থ সংস্থার নিকট দাবি করতে পারবেন না। কেবল মাত্র মোটর সাইকেল গ্রহিতা কর্তৃক পরিশোধিত মূল্যের পরিমান মোটর সাইকেলটির ক্রয় মূল্যের (চুক্তি মোতাবেক) ৭৫% ভাগ বা তদোদ্ধ হলে সে ক্ষেত্রে তিনি অবশিষ্ট টাকা এককালীন নগদ পরিশাধ সাপেক্ষে মোটর সাইকেলটির মালিকানা গ্রহণ করতে পারবেন। মোটর সাইকেল মালিকান হস্তান্তরের জন্য আবেদন, ঋণচুক্তি বাতিল করার জন্য আবেদন ফরম সংযুক্ত। ***(সংযুক্তি নং-খ, ঘ)***। প্রকল্পের বরাদ্দকৃত মোটর সাইকেলের মালিকানা প্রকল্পের বিধিমালা (দাতা সংস্থা প্রদেয়) মোতাবেক নির্ধারিত হবে এবং মোটর সাইকেল গ্রহিতাকে প্রকল্পের নীতিমালা অনুসরণ করে মোটর সাইকেল চালাতে হবে।

**মোটর সাইকেল ব্যবহার ও সংরক্ষণ:** মোটর সাইকেল গ্রহনকারী কর্মকর্তা তার যাবতীয় অফিসের কাজ সম্পাদনের ক্ষেত্রে ইহা ব্যবহার করতে পারবেন। প্রয়োজনে কর্তৃপক্ষের যথাযথ অনুমোদন সাপেক্ষে তিনি নিজস্ব ব্যক্তিগত কাজেও মোটর সাইকেলটি ব্যবহার করতে পারবেন। তবে কোন ক্ষেত্রেই তিনি মোটর সাইকেলটির মালিকানা তার নামে হস্তান্তরের পূর্বে অন্যকে এটি চালানোর সুযোগ প্রদান কিংবা অন্যের নিকট এটি হস্তান্তর করতে পারবেন না। কেবল সংস্থার বৃহত্তর স্বার্থে কর্তৃপক্ষের নির্দেশক্রমে মোটর সাইকেলটি অন্য সহকর্মীকে চালানোর সুযোগ প্রদান করতে পারবেন। মোটর সাইকেল গ্রহিতা অবশ্যই কর্তৃপক্ষ সরবরাহকৃত লগ শিট অনুযায়ী তার যাবতীয় ভ্রমনের বিবরন লিপিবদ্ধ করতে হবে এবং মাসিক জ্বালানী বিলের টপসীট উর্দ্ধতন কর্মকর্তা কর্তৃক প্রতি মাসে নিয়মিতভাবে তা অনুমোদন করে নিতে হবে। অনুমোদন পরবর্তী সংশ্লিষ্ঠ হিসাব বিভাগে বিল গ্রহণের জন্য উপস্থাপন করতে হবে।মোটর সাইকেল অফিসের কাজে চালানোর বিবরণ, লগবই ফরম সংযুক্ত। ***(সংযুক্তি নং- ঙ, চ)***।

মোটর সাইকেল রক্ষনাবেক্ষণ ও এর সংরক্ষণের যাবতীয় দায়-দায়িত্ব মোটর সাইকেল ব্যবহারকারীর। মোটর সাইকেল চালানার সময় তাকে অবশ্যই তাকে হেলমেট ব্যবহার করতে হবে এবং ড্রাইভিং লাইসেন্স সহ মোটর সাইকেলের যাবতীয় কাগজপত্র সংঙ্গে রাখতে হবে। কর্তৃপক্ষকে না জানিয়ে মোটর সাইকেলে অন্য কাউকে সহযাত্রী করা যাবে না। মোটর সাইকেল ব্যবহারকারী কর্তৃক গাড়িটির কোন প্রকার ক্ষয়-ক্ষতি হলে/হারিয়ে গেলে কিংবা গাড়িটি চুরি হলে ব্যবহারকারী অবশ্যই গাড়িটির মূল্য বাবদ কর্তৃপক্ষকে প্রয়োজনীয় টাকা ফেরত প্রদান করতে হবে। মোটর সাইকেল গ্রহিতাকে মোটর সাইকেল চালনা বাবদ যাবতীয় ব্যয় অর্থাৎ পেট্রোল, মোবিল, মেরামত ও অন্যান্য সকল প্রকার খরচ নিজ দায়িত্বে বহন করতে হবে। সংস্থার বিধি মোতাবেক শাখার/প্রকল্পের কার্যক্রম পরিদর্শন বাবদ শাখাওয়ারী মোটরসাইকেলের বরাদ্দকৃত কিলোমিটারের ভিত্তিতে শাখা অফিসের জন্য নির্ধারিত হারে ভাতা প্রদান করবে (প্রকৃত তৈলের বিল ও মেরামত এবং রক্ষনাবেক্ষনের জন্য) নির্ধারিত হারে ভাতা গ্রহণের ফরম সংযুক্ত ***(সংযুক্ত নং-ছ)***। মোটর সাইকেল গ্রহিতা কর্তৃপক্ষ কোন প্রকার দুর্ঘটনা সংঘটিত হলে সংস্থা ইহার কোন প্রকার দায়-দায়িত্ব বহন করবে না। তবে মোটর সাইকেলটি গ্রহিতার নিকট হস্তান্তরের পূর্ব পর্যন্ত সংস্থা কর্তৃপক্ষ মোটর সাইকেলের বীমা বাবদ প্রিমিয়ামের খরচ বহন করবে।

**উপসংহার:** সংস্থার বৃহত্তর স্বার্থে মোটর সাইকেল ব্যবস্থপনা বিধিমালাটি প্রণীত হলো। এটি যথাযথ ভাবে অনুসৃত হলে প্রকল্প/কর্মসুচি বাস্তবায়ন সহজতর হবে ও সার্বিক লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক হবে। সর্বোপরি, কর্মকর্তাদের কাজে গতিশীলতা বৃদ্ধি পাবে।

# ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি

*মোটর সাইকেল/বাইকেল ঋণ এর জন্য আবেদন*

-----

প্রতি
নির্বাহী পরিচালক
এনডিপি
বিষয়ঃ মোটর সাইকেল/বাইকেল ঋণ এর জন্য আবেদন (যথাস্থানে টীক দিন)।

০১। ঋণ অবেদননের তারিখঃ.......................................................................................................................
০২।কর্মীর নামঃ..............................................................০৩। পদবী.............................................................
০৪।পিন নম্বরঃ.............................................................. ০৫। কর্ম এলাকা.....................................................
০৬।কর্মসূচী/প্রকল্পঃ......................................................... ০৭। মোবাইল নাম্বার...............................................
০৮।এনডিপিতে যোগদানের তারিখঃ ..................................... ০৯। সর্বপ্রথম যোগদানকৃত শাখা/প্রকল্প নাম...........................
১০।কর্মীর ধরণঃ নিয়মিত/অনিয়মিত (যথাস্থাণে টীক দিন) ১১। এ পর্যন্ত ঋণ গ্রহণের সংখ্যা..................................
১২।আবেদনকৃত ঋণের পরিমাণঃ............................................(কথায়...................................................................)
১৩।ঋণ গ্রহণের উদ্দেশ্যঃ..........................................................................................................................................
১৪।পূর্বে ঋণ গ্রহণ করে থাকলে তার স্থিতিঃ...................................................(কথায়........................................................)

উপরিল্লিখিত তথ্যর ভিত্তিতে ঋণ মঞ্জুর করার জন্য আবেদন করিতেছি

আবেদনকারীর স্বাক্ষরঃ
নামঃ
পদবীঃ
তারিখঃ

*(প্রধান কার্যালয়ের হিসাব বিভাগ কর্তৃক পুরণীয়)*
অনুমোদনকৃত লোনের পরিমাণ.............................................টাকা
কথায় (.........................................................................................)
প্রদান করা হলো।
স্বাক্ষরঃ সীলঃ

শাখা ব্যবস্থাপকের সুপারিশঃ

স্বাক্ষরঃ
সীলঃ
তারিখঃ

এলাকা ব্যবস্থাপকের সুপারিশঃ

স্বাক্ষরঃ
সীলঃ
তারিখঃ

জোনাল ম্যানেজারের সুপারিশঃ

স্বাক্ষরঃ
সীলঃ
তারিখঃ

কর্মসূচী বিভাগের অনুমোদন/নির্বাহী প্রধানের অনুমোদনঃ

স্বাক্ষরঃ
সীলঃ
তারিখঃ

# ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি

## মোটর সাইকেলের মালিকানা হস্তান্তরের জন্য আবেদন

০১। আবেদনকারীর নাম ঃ -------------------------------------পদবী ----------------পিন ----------------
০২। কর্মরত প্রকল্প ঃ------------------------------ এলাকা / শাখা ----------------------------------------
০৩। স্থানীয় ঠিকানা গ্রাম ঃ ---------------------------ডাকঘর ঃ ------------------------------------------
০৪। মোটর সাইকেলের রেজিষ্টেশন নং ---------------------------তারিখ ঃ ---------------------------------
ইঞ্জিন নং ঃ ------------------------------------ চেসিস নং ঃ -------------------------------------------
০৫। মোটর সাইকেলের মূল হিসাব ভূক্ত আছে ঃ প্রধান কার্যালয়/ মাঠ কার্যলয় ।
ক্রয় মূল্য টাকা ---------------------------অপচয় সঞ্চিতি-------------------------(যদি থাকে)
০৬। ঋণ চুক্তি বলবৎ হওয়ার তারিখঃ -----------------------------
০৭। ঋণের পরিমান ( টাকা ) ঃ ---------------------( কথায় ঃ টাকা --------------------------------------)
০৮। মোটর সাইকেল নতুন বা পুরাতন হিসাব চুক্তি করা হয়েছিল ঃ নতুন / পুরাতন
০৯। ঋণ গ্রহীতা কতৃক মোটর সাইকেল অফিসের কাজে চালানোর সর্বমোট কিলোমিটার ঃ -------------------------
১০। ঋণের শেষ কিস্তি কবে পরিশোধ করা হয়েছে ঃতারিখ ---------------------------------------------------
১১। সর্বমোট ঋণ পরিশোধ পরিমান ( টাকা ) ঃ -----------------------------------------------------------
উপরোক্ত তথ্যাবলী সঠিক

--------------------------------
স্থানীয় কার্যালয় প্রধানের
নাম ও স্বাক্ষর
তারিখ

----------------------------
আবেদনকারীর স্বাক্ষর
তারিখ

--------------------------------
প্রধান নির্বাহীর অনুমোদন
নাম ও স্বাক্ষর
তারিখ

----------------------------
প্রধান কার্যালয়ের অর্থ বিভাগের স্বাক্ষর
নাম ও স্বাক্ষর
তারিখ

---

বিঃ দ্রঃ আবেদন পত্র সম্পূর্ণ হওয়ার পর ২ কপি ফটোকপি করতে হবে । ( ১ কপি পার্সোনাল পাইলের জন্য , ১ কপি প্রধান কার্যালয়ের অর্থ ও হিসাব বিভাগের জন্য)

# ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি

*মোটর সাইকেল ঋণের চুক্তিপত্র*

সংযোজনী - গ

প্রথম পক্ষ ঃ ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি, এন ডিপি ভবন , বাগবাড়ী , শহীদনগর , কামারখন্দ, সিরাজগঞ্জ

দ্বিতীয় পক্ষ ঃ
নাম ঃ
পদবী ঃ
পিন ঃ
কর্মরত এলাকা ঃ
পিতার নাম ঃ
স্থায়ী ঠিকানা ঃ

যেহেতু দ্বিতীয় পক্ষ প্রথম পক্ষেও অধীনে কর্মরত আছেন এবং দাপ্তরিক কজি সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য একটি মোটর সাইকেল ক্রয় করাত ইচ্ছুক এবং যেহেতু দ্বিতীয় পক্ষ প্রথম পক্ষের নিকট থেকে ---------------- টাকা ঋণ গ্রহন করেছেন এবং ঋণের অর্থ দ্বারা একটি মোটরসাইকেল ক্রয় করেছেন , যাহার চেচিস নং --------------------------ইঞ্জিন নং ------------------------------------------রেজিষ্টেশন নং -------------------------তারিখ ----------------------সেহেতু উভয় পক্ষ নিম্ন বর্ণিত শর্তাবলী মেনে চলার অংগীকার করে অদ্যরোজ -------------------------------ইংরেজী-------------------তারিখে এই চুক্তিনামায় স্বাক্ষর করিলাম ।

## চুক্তির শর্তাবলী ঃ

১। চুক্তিটি ------------------------------------------ইং তারিখ থেকে কার্যকর হবে ।
২। মোটর সাইকেল প্রথম পক্ষ ( এন ডি পি ) নামে নিবন্ধণ করা হবে । যতদিন দ্বিতীয় পক্ষ ঋণের সমূদয় টাকা পরিশোধ না করবেন ততদিন এই সাইকেলটির মালিকানা প্রথম পক্ষের নিকট থাকবে এবং ঋণ পরিশোধের পর প্রথম পক্ষ মোটর সাইকেলটির মালিকানা দ্বিতীয় পক্ষের নিকট হস্তান্তর করবেন । এ ঋণ সুদ মুক্ত ঋণ হিসাবে বিবেচিত হবে।
৩।এই চুক্তি কার্যকরী হওয়ার পরবর্তী মাস থেকে দ্বিতীয় পক্ষ -----------------কিস্তিতে প্রতিমাসে --------------টাকা হিসবে মোট -----------------------------------টাকা পরিশোধ করবেন ।
৪।এই মোটরসাইকেলের তেল খরচ , রক্ষণাবেক্ষণ খরচ, যন্ত্রাংশ সহ সকল প্রকার খরচ দ্বিতীয় পক্ষ বহন করবেন ।
৫।ঋণ পরিশোধের পূর্বেই যদি দ্বিতীয় পক্ষ চাকুরী হইতে অব্যাহতি/ পদত্যাগ অবসর , চাকুরীচ্যুত হন , তবে দ্বিতীয় পক্ষ সাথে সাথে মোটর সাইকেলটি সম্পূর্ন চালু অবস্থায় প্রথম পক্ষের নিকট বুঝিয়া দিবেন এবং প্রথম পক্ষ দ্বিতীয় পক্ষকে বকেয়া ঋণ থেকে অব্যাহতি দিবেন। কেবল মাত্র মোটর সাইকেল গ্রহিতা কর্তৃক পরিশোধিত মূল্যের পরিমান মোটর সাইকেলটির ক্রয় মূল্যের (চুক্তি মোতাবেক) ৭৫% ভাগ বা তদোদ্ধ হলে সে ক্ষেত্রে তিনি অবশিষ্ট টাকা এককালীন নগদ পরিশাধ সাপেক্ষে মোটর সাইকেলটির মালিকানা গ্রহণ করতে পারবেন।
৬।দ্বিতীয় পক্ষ মোটর সাইকেলটি ভাল এবং ব্যবহারযোগ্য রাখতে সর্বদা সচেষ্ট থাকবেন ।
৭।দ্বিতীয় পক্ষ কিস্তি পরিশোধের অজুহাত দেখিয়ে মোটর সাইকেলের মালিকানা দাবী অথবা কিস্তির টাকা ফেরৎ দাবী করতে পারবে না বা এর জন্য কোন প্রকারের মামলা, মোকদ্দমা , অভিযোগ বা অন্য কোন প্রকারের ওজর আপত্তির জন্য আদালতের শরণাপন্ন হতে পারবের না ।

উপরোক্ত শর্তাবলী মেনে নিয়ে কাহারো দ্বারা প্ররোচিত না হয়ে স্বজ্ঞানে নিম্নে বর্ণিত স্বাক্ষীগনের উপস্থিতিতে স্বাক্ষর করিলাম ।

১। প্রথম পক্ষ ঃ
স্বাক্ষর ঃ
পূর্ণ নাম ঃ
পদবী ঃ
পক্ষে- এন ডি পি

২। দ্বিতীয় পক্ষ ঃ
স্বাক্ষর ঃ
পূর্ণ নাম ঃ
পদবী ঃ
স্থায়ী ঠিকানা ঃ

চুক্তির প্রথম পক্ষ ও দ্বিতীয় পক্ষ আমাদের উপস্থিতিতে স্বাক্ষর প্রদান করিয়াছে ।

২। স্বাক্ষী- স্বাক্ষর ঃ
পূর্ণ নাম ঃ
ঠিকানা ঃ

২। স্বাক্ষী- স্বাক্ষর ঃ
পূর্ণ নাম ঃ
ঠিকানা ঃ

৩। স্বাক্ষী - স্বাক্ষর ঃ
পূর্ণ নাম ঃ
ঠিকানা ঃ